# সংবাদ বিজ্ঞপ্তি

## কালো টাকা বিনিয়োগের ক্ষেত্রে বর্দ্ধিত করারোপের দাবী জানিয়েছে টিআইবি

**ঢাকা, বুধবার, ১৭ জুলাই, ২০১১:** এনবিআর আয়কর আইনের অধীনে বিনিয়োগকৃত অপ্রদর্শিত অর্থের উৎস সম্পর্কে প্রশ্ন না তোলার ব্যাপারে পূর্বের এসআরও সংশোধনের অর্থমন্ত্রীর সাম্প্রতিক ঘোষণাকে স্বাগত জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, "কালো টাকা সাদা করার বিধান নৈতিকভাবে অগ্রহণযোগ্য ও বৈষম্যমূলক, রাজস্ব সংগ্রহের বিবেচনায় অর্থহীন এবং সর্বোপরি তা সরকারের নির্বাচনী অঙ্গীকারের সাথে সাংঘর্ষিক। কালো টাকার মালিকদের ক্রমাগত এ সুযোগ প্রদান করার মাধ্যমে অবৈধভাবে অর্থ উর্পাজনকে উৎসাহিত করা হচ্ছে।

বিলম্বে হলেও সরকার পুঁজি বাজারে কালো টাকার উৎস নিয়ে প্রশ্ন করার যে বিধান চালু করতে যাচ্ছে তা ইতিবাচক। তবে কালো টাকা বৈধ করার সংস্কৃতি পরিপূর্ণভাবে পরিহার করতে ব্যর্থ হলে দুর্নীতির আরোও ব্যাপক প্রসার ঘটবে। যতদিন পর্যন্ত এই সুযোগ পুরোপুরি বন্ধ করা না হয় সে পর্যন্ত কালো টাকা বিনিয়োগের ক্ষেত্রে কমপক্ষে ২৫-৫০ শতাংশ হারে কর আদায় বাধ্যতামূলক করতে হবে।"

**গণমাধ্যম যোগাযোগ:**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
ফোন: ০১৭১৩০৬৫০১২
ই-মেইল: rezwan@ti-bangladesh.org